



আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকার আয়োজনে ও বিভাগীয় কমিশনার, খুলনার তত্ত্বাবধানে খুলনা সার্কিট হাউজে অনুষ্ঠিত হলো 'খুলনা অঞ্চলের উপভাষা : অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা। কর্মশালাটি অনুষ্ঠিত হয় গত ৬ নভেম্বর ২০১৬ খ্রিষ্টাব্দে। দিনব্যাপী এ কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব শেখ মোঃ কাবেদুল

ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনাব মোহাম্মদ আব্দুস সামাদ, বিভাগীয় কমিশনার, খুলনা। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব শেখ মোঃ কাবেদুল ইসলাম, অতিরিক্ত সচিব (পরিচালক, ভাষা গবেষণা ও প্রশিক্ষণ)। মূল প্রবন্ধ উপস্থাপনের পর স্কাইপিতে অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন ইনস্টিটিউটের মহাপরিচালক প্রফেসর ড. জীনাৎ ইমতিয়াজ আলী। এই কর্মশালাতে আমন্ত্রিত অতিথিরা ছিলেন খুলনা বিভাগের দশটি জেলার বিশিষ্ট ভাষাবিশেষজ্ঞ, কবি-সাহিত্যিক, অধ্যাপক, সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মীবৃন্দ। সকলের প্রাণবন্ত

অংশগ্রহণে এ কর্মশালাটি অত্যন্ত সার্থক ও ফলপ্রসূ হয়েছে। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পক্ষ থেকে অংশগ্রহণকারী সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই।